

বঙ্গবাজার

সোমবার, জুন ৩০, ২০২৫ ■ আষাঢ় ১৬, ১৪৩২



এনএসইউতে সোশ্যাল বিজনেস একাডেমিয়া ডায়ালগ ও থ্রি জিরো ক্লাব কনভেনশন

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) এবং ইউনুস সেন্টারের যৌথ আয়োজনে গতকাল দিনব্যাপী 'সোশ্যাল বিজনেস একাডেমিয়া ডায়ালগ' ও 'থ্রি জিরো ক্লাব কনভেনশন' অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা নূরজাহান বেগম। বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমিন সোনিয়া মুর্শিদ, নিজামি গঞ্জাভি ইন্টারন্যাশনাল সেন্টারের কো-চেয়ার ও বিশ্বব্যাংকের সাবেক ভাইস প্রেসিডেন্ট ড. ইসমাইল সেরাগেলদিন, প্রধান উপদেষ্টার কার্যালয়ের এসডিজিবিষয়ক প্রধান সমন্বয়ক লামিয়া মোরশেদ, নরওয়ের পরিবেশ ও জলবায়ুবিষয়ক সাবেক মন্ত্রী ও ইউএন এনভায়রনমেন্টের সাবেক নির্বাহী পরিচালক এরিক সোলহেইম এবং এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএসইউ উপাচার্য আবদুল হান্নান চৌধুরী। —বিজ্ঞপ্তি